



## আছ-ছফ

## AsSaff

## الصَّف

পরম করুণাময় ও অসিম  
দয়ালু আল্লাহর নামে শুরু  
করছি

In the name of Allah,  
Most Gracious, Most  
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. নভোমন্ডলে ও ভূমন্ডলে  
যা কিছু আছে, সবই  
আল্লাহর পবিত্রতা ঘোষণা  
করে। তিনি পরাক্রান্ত  
প্রজ্ঞাবান।

1. Glorifies to Allah  
whatever is in the  
heavens and whatever  
is on the earth. And  
He is the All Mighty,  
the All Wise.

سَبَّحَ لِلَّهِ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي  
الْأَرْضِ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿١﴾

2. মুমিনগণ! তোমরা যা  
কর না, তা কেন বল?

2. O you who believe,  
why do you say that  
which you do not do.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا  
لَا تَفْعَلُونَ ﴿٢﴾

3. তোমরা যা কর না, তা  
বলা আল্লাহর কাছে খুবই  
অসন্তোষজনক।

3. Most hateful it is in  
the sight of Allah that  
you should say that  
which you do not do.

كَبْرَ مَقْتًا عِنْدَ اللَّهِ أَنْ تَقُولُوا مَا  
لَا تَفْعَلُونَ ﴿٣﴾

4. আল্লাহ তাদেরকে  
ভালবাসেন, যারা তাঁর  
পথে সারিবদ্ধভাবে লড়াই  
করে, যেন তারা  
সীসাগালানো প্রাচীর।

4. Indeed, Allah loves  
those who fight in His  
way in ranks as though  
they were a structure  
joined firmly.

إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي  
سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُمْ بُنْيَانٌ  
مَّرْصُوصٌ ﴿٤﴾

5. স্মরণ কর, যখন মূসা  
(আঃ) তাঁর সম্প্রদায়কে  
বললঃ হে আমার সম্প্রদায়,  
তোমরা কেন আমাকে কষ্ট  
দাও, অথচ তোমরা জান

5. And when Moses  
said to his people: "O  
my people, why do you  
hurt me, and you  
certainly know that I

وَإِذْ قَالَ مُوسَى لِقَوْمِهِ لِقَوْمٍ لِمَ  
تُؤْدُونَنِي وَقَدْ تَعْلَمُونَ أَنِّي رَسُولُ  
اللَّهِ إِلَيْكُمْ فَلَمَّا زَاغُوا أَزَاغَ اللَّهُ

যে, আমি তোমাদের কাছে আল্লাহর রসূল। অতঃপর তারা যখন বক্রতা অবলম্বন করল, তখন আল্লাহ তাদের অন্তরকে বক্র করে দিলেন। আল্লাহ পাপাচারী সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।

6. স্মরণ কর, যখন মরিয়ম-তনয় ঈসা (আঃ) বলল: হে বনী ইসরাইল! আমি তোমাদের কাছে আল্লাহর প্রেরিত রসূল, আমার পূর্ববর্তী তওরাতের আমি সত্যায়নকারী এবং আমি এমন একজন রসূলের সুসংবাদদাতা, যিনি আমার পরে আগমন করবেন। তাঁর নাম আহমদ। অতঃপর যখন সে স্পষ্ট প্রমাণাদি নিয়ে আগমন করল, তখন তারা বলল: এ তো এক প্রকাশ্য যাদু।

7. যে ব্যক্তি ইসলামের দিকে আহ্বত হয়েও আল্লাহ সম্পর্কে মিথ্যা বলে; তার চাইতে অধিক যালেম আর কে? আল্লাহ যালেম সম্প্রদায়কে পথ প্রদর্শন করেন না।

am indeed Allah's messenger to you." So, when they went astray, Allah caused their hearts to become astray. And Allah does not guide the disobedient people.

6. And when Jesus, son of Mary, said: "O children of Israel, indeed I am the messenger of Allah to you, confirming that which was (revealed) before me of the Torah, and giving the good news of a messenger who shall come after me, whose name shall be Ahmad." Then when he came to them with clear signs, they said: "This is plain magic."

7. And who could be more unjust than he who invents a lie against Allah and he is being invited towards AllIslam. And Allah does not guide wrongdoing people.

قُلُوبَهُمْ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ  
الْفَاسِقِينَ ﴿٦٠﴾

وَإِذْ قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ يَلِينِي  
إِسْرَاءِيلَ إِنِّي رَسُولُ اللَّهِ إِلَيْكُمْ  
مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرَةِ  
وَمُبَشِّرًا بِرَسُولٍ يَأْتِي مِنْ بَعْدِي  
اسْمُهُ أَحْمَدُ فَلَمَّا جَاءَهُمْ  
بِالْبَيِّنَاتِ قَالُوا هَذَا سِحْرٌ  
مُبِينٌ ﴿٦١﴾

وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَى عَلَى اللَّهِ  
الْكَذِبَ وَهُوَ يُدْعَى إِلَى الْإِسْلَامِ  
وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ  
الظَّالِمِينَ ﴿٧٠﴾

8. তারা মুখের ফুঁৎকারে আল্লাহর আলো নিভিয়ে দিতে চায়। আল্লাহ তাঁর আলোকে পূর্ণরূপে বিকশিত করবেন যদিও কাফেররা তা অপছন্দ করে।

8. They seek to put out the light of Allah with their mouths, and Allah will perfect His light, however much the disbelievers may dislike.

يُرِيدُونَ لِيُطْفِئُوا نُورَ اللَّهِ بِأَفْوَاهِهِمْ وَاللَّهُ مُتِمُّ نُورِهِ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ ﴿٨﴾

9. তিনি তাঁর রসূলকে পথ নির্দেশ ও সত্যধর্ম নিয়ে প্রেরণ করেছেন, যাতে একে সবধর্মের উপর প্রবল করে দেন যদিও মুশরিকরা তা অপছন্দ করে।

9. He it is who has sent His Messenger with guidance and the religion of truth that He may manifest it over all religions, however much the idolaters may dislike.

هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَىٰ وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ ﴿٩﴾

10. মুমিনগণ, আমি কি তোমাদেরকে এমন এক বানিজ্যের সন্ধান দিব, যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে মুক্তি দেবে?

10. O you who believe, shall I tell you of a bargain that will save you from a painful punishment.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ تِجَارَةٍ تُنَجِّيْكُمْ مِنْ عَذَابٍ أَلِيمٍ ﴿١٠﴾

11. তা এই যে, তোমরা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন করবে এবং আল্লাহর পথে নিজেদের ধন-সম্পদ ও জীবনপণ করে জেহাদ করবে। এটাই তোমাদের জন্যে উত্তম; যদি তোমরা বোঝ।

11. You should believe in Allah and His Messenger, and should strive in the cause of Allah with your wealth and your lives. That is better for you if you only knew.

تُؤْمِنُونَ بِاللَّهِ وَرَسُولِهِ وَتُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿١١﴾

12. তিনি তোমাদের পাপরাশি ক্ষমা করবেন এবং এমন জান্নাতে দাখিল করবেন, যার পাদদেশে নদী প্রবাহিত এবং বসবাসের

12. He will forgive for you your sins and admit you into gardens underneath which rivers flow, and

يَغْفِرُ لَكُمْ ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ وَمَسْكِنٍ طَيِّبَةٍ فِي جَنَّاتٍ عِدْنٍ

জান্নাতে উত্তম বাসগৃহে।  
এটা মহাসাফল্য।

excellent abodes in  
Gardens of Eternity.  
That is the great  
success.

ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿١٣﴾

13. এবং আরও একটি  
অনুগ্রহ দিবেন, যা তোমরা  
পছন্দ কর। আল্লাহর পক্ষ  
থেকে সাহায্য এবং আসন্ন  
বিজয়। মুমিনদেরকে এর  
সুসংবাদ দান করুন।

13. And another  
(favor) that you love,  
help from Allah and a  
near victory. And give  
good news to the  
believers.

وَأُخْرَى تُحِبُّونَهَا نَصْرٌ مِّنَ اللَّهِ  
وَفَتْحٌ قَرِيبٌ وَبَشِيرٌ الْمُؤْمِنِينَ ﴿١٣﴾

14. মুমিনগণ, তোমরা  
আল্লাহর সাহায্যকারী হয়ে  
যাও, যেমন ঈসা ইবনে-  
মরিয়ম তার শিষ্যবর্গকে  
বলেছিল, আল্লাহর পথে কে  
আমার সাহায্যকারী হবে?  
শিষ্যবর্গ বলেছিল: আমরা  
আল্লাহর পথে সাহায্যকারী।  
অতঃপর বনী-ইসরাঈলের  
একদল বিশ্বাস স্থাপন করল  
এবং একদল কাফের হয়ে  
গেল। যারা বিশ্বাস স্থাপন  
করেছিল, আমি তাদেরকে  
তাদের শত্রুদের  
মোকাবেলায় শক্তি  
যোগালাম, ফলে তারা  
বিজয়ী হল।

14. O you who  
believe, be helpers of  
Allah, as Jesus, son of  
Mary, said to the  
disciples: “Who will be  
my helpers towards  
Allah.” The disciples  
said: “We are helpers  
of Allah.” Then, a  
faction of the children  
of Israel believed and  
a faction disbelieved.  
So We supported those  
who believed against  
their enemy, and they  
became dominant.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُونُوا أَنْصَارَ  
اللَّهِ كَمَا قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ  
لِلْحَوَارِيِّينَ مَنْ أَنْصَارِي إِلَى اللَّهِ  
قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنْصَارُ اللَّهِ  
فَأَمَّنَّا طَائِفَةٌ مِّنْ بَنِي إِسْرَائِيلَ  
وَكَفَرَتْ طَائِفَةٌ فَأَيَّدْنَا  
الَّذِينَ آمَنُوا عَلَىٰ عَدُوِّهِمْ

فَأَصْبَحُوا ظَاهِرِينَ ﴿١٤﴾

